

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১২৫৫

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৫০. নির্দিষ্ট ওয়াক্ত থেকে বিলম্ব করে সালাত পড়া সম্পর্কে।

بَابِ مَا جَاءَ فِي إِذَا أُخَّرُوا الصَّلَاةَ عَنْ وَقْتِهَا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ، أَنْبَأَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، عَنْ عَاصِمٍ، عَنْ زِرٍّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " لَعَلَّكُمْ سَتُدْرِكُونَ أَقْوَامًا يُصِلُونَ الصَّلَاةَ لِغَيْرِ وَقْتِهَا فَإِنْ أَدْرَكْتُمُوهُمْ فَصلُوا فِي بُيُوتِكُمْ لِلْوَقْتِ الَّذِي تَعْرِفُونَ ثُمَّ صلُوا مَعَهُمْ وَاجْعَلُوهَا سُبْحَةً " .

বাংলা

১/১২৫৫। আবদুল্লাহ ইবনু মাসঊদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অচিরেই হয়ত তোমরা এমন সব লোকের সাক্ষাৎ পাবে যারা নির্দিষ্ট ওয়াক্তে সালাত (নামায/নামাজ) না পড়ে ভিন্ন ওয়াক্তে তা পড়বে। তোমরা তাদের সাক্ষাৎ পেলে নিজেদের ঘরে তোমাদের প্রসিদ্ধ ওয়াক্তে সালাত পড়ে নিও, অতঃপর তাদের সাথে (জামাআতে) তা পড়ে নিও এবং একে নফলরূপে গণ্য করো।

English

It was narrated that 'Abdullah bin Mas'ud said:

"The Messenger of Allah () said: 'You may come across people who offer a prayer at the wrong time. If you meet them, then perform prayer in your houses at the time that you know, then pray with them and make that voluntary."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবূ দাউদ ৪৩২, আহমাদ ৩৮৭৯, ৪০২০, ৪৩৩৪।

তাহক্লীক আলবানী: হাসান সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবী দাউদ ৪৫৮। আবু বকর বিন আবু আয়্যাশ



সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ তবে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। আল-আজালী বলেন, তিনি সিকাহ তবে হাদিস বর্ণনায় ভুল করেন। আস-সাজী বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইবনু হিব্বান বলেন হাদিস বিশারদগণ তার থেকে বেঁচে থেকেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন